



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmy@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতিসংঘে দু'দিন ব্যাপী আইপিইউ- এর পার্লামেন্টারি হিয়ারিং এর সমাপনী

নিউইয়র্ক, ১৪ ফেব্রুয়ারি ২০১৭ :

“নীল পৃথিবী : এজেন্ডা ২০৩০ এর প্রেক্ষিতে মানব কল্যাণ নিশ্চিত করতে সমুদ্র সংরক্ষণ ও ধরিত্রী সুরক্ষা (A World of Blue: Preserving the Oceans, Safeguarding the Planet, Ensuring Human Well-being in the Context of the 2030 Agenda)” প্রতিপাদ্যকে সামনে রেখে জাতিসংঘ সদর দপ্তরে ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়ন এবং জাতিসংঘের যৌথ উদ্যোগে শুরু হওয়া দু'দিন ব্যাপী আইপিইউ পার্লামেন্টারি হিয়ারিং-এর আজ ছিল শেষ দিন।

আজকের হিয়ারিং-এ সমুদ্র ব্যবস্থাপনা বিষয়ক এক ইন্টারভেনশনে বাংলাদেশ ডেলিগেশনের প্রধান ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক এমপি জাতিসংঘ সমুদ্র আইনসহ সমুদ্র বিষয়ক বিদ্যমান অন্যান্য আইনের বাস্তবায়নের বিষয়ে বক্তব্য রাখেন। এ সকল আইন বাস্তবায়নের ক্ষেত্রে যে ঘাটতি রয়েছে তা উল্লেখ করে তিনি এই ঘাটতি কাটিয়ে ওঠার সম্ভাব্য সমাধানের বিষয়ে বিজ্ঞ প্যানেলিস্টদের কাছে প্রশ্ন রাখেন।

এছাড়া জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্যানেল আলোচনায় বাংলাদেশ ডেলিগেশনের পক্ষে সাইমুম সারোয়ার কমল এমপি বলেন, “বাংলাদেশ জলবায়ু সংক্রান্ত প্যারিস চুক্তি স্বাক্ষরকারী প্রথম সারির দেশগুলোর মধ্যে অন্যতম। বাংলাদেশই প্রথম দেশ যারা নিজস্ব তহবিল থেকে ৪০০ মিলিয়ন মার্কিন ডলার দিয়ে ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড গঠন করেছে”।

এমপি সাইমুম সারোয়ার কমল আরও বলেন, আমরা এখন জলবায়ু পরিবর্তন ও সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি জনিত কারণে ক্ষতিগ্রস্ত মানুষের সম্ভাব্য অভিগমন জনিত (Climate induced migrants) চ্যালেঞ্জ মোকাবিলার বিষয়ে উদ্বিগ্ন। এ সমস্যা সমাধানের সম্ভাব্য উপায় কি হতে পারে তা তিনি বিজ্ঞ প্যানেলিস্টদের কাছে জানতে চান।

সমাপনী অনুষ্ঠানে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন আইপিইউ'র প্রেসিডেন্ট সাবের হোসেন চৌধুরী এমপি, জাতিসংঘ সাধারণ পরিষদের প্রেসিডেন্ট পিটার থমসন, আইপিইউ'র মহাসচিব মার্টিন চুনগং।

আইপিইউ'র সভাপতি সমাপনী বক্তৃতায় বলেন, “বর্তমান গ্লোবাল ভিলেজের বাস্তবতায় সংসদ সদস্যগণ শুধু নিজ দেশের সংসদ বা আইন নিয়েই সীমাবদ্ধ নয় বরং বৈশ্বিক সমস্যা সমাধানেও সম্মিলিত ভূমিকা রেখে চলছেন যা সমুদ্রসহ অন্যান্য এসডিজি বাস্তবায়নকে আরও এগিয়ে নিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে”। তিনি এ বছরের এপ্রিল মাসে বাংলাদেশের রাজধানী ঢাকায় অনুষ্ঠিতব্য আইপিইউ'র সম্মেলনে যোগদানের জন্য সংসদ সদস্যগণকে আহ্বান জানান।

উল্লেখ্য, বিশ্বের ৫৫টি দেশের ১৭৯ জন সংসদ সদস্যসহ ১০টি আন্তর্জাতিক সংস্থা এবং ১৯টি এনজিও'র প্রতিনিধিগণ এই পার্লামেন্টারি হিয়ারিং এ যোগ দিয়েছেন।

